সার্থক ছোটগল্পকার হিসাবে রবীন্দ্রনাথের মূল্যায়ন কর।

সাহিত্যে ছোটগল্পের আবির্ভাব নিতান্ত আধুনিক কালের ঘটনা। অবশ্য গল্প বলা ও শোনা মানুষের একটা দীর্ঘকালের অভ্যাস, ঐতিহ্যও অতি পুরনো। ছোটগল্পকার হিসাবে তিনি অকপটে বলেছেন যে, 'গল্প বলা মানুষের স্বভাব,' কিন্তু রবীন্দ্রনাথই বাংলাসাহিত্যে ছোটগল্পকে সার্থক রূপ দান করেছেন। ছোট সার্থক ছোটগল্প বলতে তিনি বুঝেছেন "A short story must contain one and only one informing idea and that this idea must be worked out to its logical conclusion with absolute single singleness of method." এ থেকে মনে হয়, ছোটগল্প আর পাঁচটা গল্পের মতো ঘটনা-আখ্যান-সর্বস্ব কাহিনী নয়, মানব মানসিকতে বহুলাংশে মানুষের জীবন সম্পর্কে ছোট একটি একমুখী ব্যাপারের ওপর আলোক নিক্ষেপ করাই হল, ছোটগল্পের প্রধান লক্ষ্য। তাই সার্থকতা, গতিসংকুলতা, আকস্মিকতা ও ব্যঞ্জনা ছোটগল্পের বৈশিষ্ট্য হলেও প্রধান।

বাংলাসাহিত্যে গল্প-আখ্যান প্রচলিত থাকলেও রবীন্দ্রনাথই বাংলাসাহিত্যে যথার্থ ছোটগল্পের জীবনদান করেন। তাঁর ছোটগল্পগুলি কল্পনাবিলাসের রঙীন জানুষ নয়, প্রগাঢ় অভিজ্ঞতা এবং গভীর অন্তর্দৃষ্টির সমন্বয়ের ফলে মানব জীবনের সত্যদৃষ্টির আলোকন সম্ভব হয়েছিল তাঁরই অভিনব প্রকাশে।

নিসর্গবিচ্ছিন্ন নিরবকাশহীন প্রকৃতির নিষ্ক্রিয়তায় প্রকাশ কুটীরনীড় ছোট ছোট দুঃখসুখের ঘানি ক্লান্তকের কুয়াশা-ভরে অনুক্ষণিত নিরক্ষকালাস নিরলসগতিতে প্রবহমান, সেখানে ঘাতপ্রতি বৈচিত্র্যও নেই তেমন, মনোলোকে উত্তুঙ্গতা অথবা নীচতার অতলতাও নেই, বাঙালী-মানুষের চেনা সনাতন জীবনলীলা রবীন্দ্রনাথের অনুভব-উদ্ভাসিত ছোটগল্পে প্রতিবিম্বিত। রবীন্দ্রনাথের গল্পে মানুষের বাইরের অনেক আঘাত-জীবনের চাঁচা ছবি ঘটা অনুপুঙ্খ পরিবর্তিত প্রতিফলিত হয়নি, ঘোরে-ভুলে আলোয়-অন্ধকার বিজড়িত সেই দুঃখ-সুখের আবাস-হৈরাগ্যে ঘোলাটে নিশ্চিল-জীবনযাত্রিতার কিছু স্কেচ পাওয়া যাবে বলা যায়েই,

রবীন্দ্রনাথের ছোটগল্পে সরল ও নরনারী সেই; কখনও কখনও কুলমান স্থান ও মর্যাদা পেয়েছে। একটি কবিতায় তিনি তাঁর গল্পের চমৎকার ভাবে বুঝিয়েছেন:

ছোট প্রাণ, ছোট ব্যথা ছোট ছোট দুঃখকথা
নিতান্তই সহজ সরল;
সহস্র বিস্মৃতিরাশি প্রত্যহ যেতেছে ভাসি
তারি দুচারিটি অশ্রুজল।
নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা
নাহি তত্ত্ব, নাহি উপদেশ;
অন্তরে উদ্বৃত্তি রবে সাঙ্গ করি মনে হবে
শেষ হয়ে হইল না শেষ।

— এই সংজ্ঞার্থের সার্থকতা রবীন্দ্রনাথের ছোটগল্পসমূহে তাঁর গল্পকারদের বিশ্লেষণে ধরা পড়েছে। যেসব ছোটগল্পগুলি শিল্পগুণে বিচারে সেরা উৎকৃষ্ট, তেমনি বাঙালীর